



তথ্যবিবরণী

নম্বর-০৭৭

আরএমপি সদর দপ্তরে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৪ কার্তিক (২০ অক্টোবর):

আজ রবিবার (২০ অক্টোবর) দুপুরে আরএমপি সদর দপ্তরে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) রাজশাহীতে কর্মরত পুলিশ সদস্যদের সাথে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তৃতায় উপদেষ্টা বলেন, ৫ আগস্টের পরে যে পরিস্থিতিতে পুলিশ দায়িত্ব নিয়েছে তার থেকে বর্তমানে অবস্থার বেশ উন্নতি হয়েছে। তবে জনগণ বা আমরা এখনও কিন্তু সন্তোষজনক পর্যায়ে উপনীত হতে পারিনি। আমরা বলি জনবান্ধব পুলিশ। আমরা কিন্তু এটা করতে পারি নাই। জাতীয় স্বার্থের বাইরে কোনো ধরণের অবৈধ আদেশ যেন পুলিশ সদস্যদেরকে দেয়া না হয় তা নিশ্চিত করতে হবে। আমাদের পুলিশের অধিকাংশ সদস্যই ভালো কিন্তু গুটি কয়েকজনের অতিউৎসাহমূলক কর্মকাণ্ডের জন্য এতদিন পুলিশ জনবান্ধব হতে পারেনি। পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হওয়ার আশাবাদ ব্যক্ত করে উপদেষ্টা বলেন, অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশ সদস্যরা তাদের চেষ্টা অব্যাহত রাখবে।

তিনি আরও বলেন, বাংলাদেশ পুলিশে এখনো বেশকিছু সমস্যা রয়ে গেছে। পুলিশ সদস্যদের থাকার জায়গা ও খাবারের মান সন্তোষজনক নয়। নিম্নপদস্থ পুলিশ সদস্যদের টিএডিএ বিল অনেক বাক্যে পড়ে গেছে। অতিভ্বর এসব বিল পরিশোধ করার জন্য নির্দেশ দেন তিনি। পুলিশ সদস্যদের কর্তব্য পালনের সুবিধার জন্য একই রেঞ্জের মধ্যে বদলী ও পদায়ন করা যায় কিনা তা বিবেচনার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেন।

আন্দোলনের সময় ক্ষতিগ্রস্ত থানাগুলো মেরামতের কাজ চলছে মন্তব্য করে তিনি ক্ষতিগ্রস্ত থানাগুলো মেরামতের জন্য সংশ্লিষ্টদের কাছে চাহিদাপত্র আহবান করে অতিদ্রুত মেরামত কার্যক্রম পরিচালনা করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। ভাড়া বাসার পরিবর্তে জমি অধিগ্রহণ করে নিজস্ব জায়গায় থানা ভবন নির্মাণ করা যায় কিনা তা যাচাই করার নির্দেশনা দেন তিনি।

আরএমপির পুলিশ কমিশনার মো. আবু সুফিয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশের আইজিপি মো. ময়নুল ইসলাম, র‍্যাভ এর মহাপরিচালক একেএম শহিদুর রহমান, সিআইডি'র অতিরিক্ত আইজিপি মো. মতিউর রহমান শেখ। সভায় পুলিশ সদস্য ছাড়াও ইলেক্ট্রনিক ও প্রিন্টমিডিয়া'র সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ##

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/১৭:০০ ঘ.